CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2022/TDC (CBCS)/EVEN/SEM/**
**BNGLAN–401T/021**

**TDC (CBCS) Even Semester Exam., 2022**

# BENGALI

**( 4th Semester )**

Course No. : BNGLAN–401T

**( বিশ শতকের বাংলা সাহিত্য )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণ মান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো কুড়িটি প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×২০=২০

১। 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছিল?

২। 'আকাশে সাতটি তারা' কবিতাটি জীবনানন্দ দাশের কোন্ কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

৩। জীবনানন্দ দাশের কবিতাকে 'চিত্ররূপময় কবিতা' কে বলেছেন?

৪। জীবনানন্দ দাশকে কী বিশেষণে বিশেষায়িত করা হয়?

৫। 'শ্রীকান্ত' উপন্যাসের প্রথম খণ্ডের প্রকাশকাল লেখো।

৬। 'শ্রীকান্ত' উপন্যাসের শ্রীকান্তের প্রিয় বন্ধুটির নাম কী?

৭। শরৎচন্দ্র চট্টোপাধ্যায় 'শ্রীকান্ত' উপন্যাসটি মোট কত খণ্ডে সমাপ্ত করেছেন?

৮। ইন্দ্রের মাসতুতো ভাই-এর নাম কী?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৯। 'রথের রশি' কী ধরনের নাটক?

১০। 'রথের রশি' নাটকে প্রতিনিধিস্থানীয় চরিত্র সংখ্যা কত?

১১। "কোথাকার মূর্খ তোরা—দে মহাকালনাথের জয়ধ্বনি।" উক্তিটির বক্তা কে?

১২। 'রথের রশি' নাটকটির প্রথমে কী নাম ছিল?

১৩। প্রেমেন্দ্র মিত্রের ছদ্মনাম কী?

১৪। গল্পের কথক তেলেনাপোতায় কয়জন বন্ধুকে নিয়ে এসেছিলেন?

১৫। 'শুধু কেরানী' গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

১৬। প্রেমেন্দ্র মিত্রের প্রথম প্রকাশিত গল্পগ্রন্থের নাম লেখো।

১৭। 'গণদেবতা' উপন্যাসের লেখক কে?

১৮। কাজী নজরুল ইসলাম কোন্ দেশের জাতীয় কবি?

১৯। 'পথের পাঁচালি' উপন্যাসের রচয়িতা কে?

২০। বিজন ভট্টাচার্যের কোন্ নাটকের মূল বিষয় পঞ্চাশের মন্বন্তর?

২১। জীবনানন্দ দাশ-এর প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ কোনটি?

২২। স্কুলের মাঠে ফুটবল খেলার সময় যে মারামারি শুরু হয়, সেখান থেকে কিশোর শ্রীকান্তকে কে উদ্ধার করেছিল?

২৩। "বাঁধবে যুদ্ধ, জ্বলবে আগুন, লাগবে মারী
ধরণী হবে বন্ধ্যা, জল যাবে শুকিয়ে।"

এই সাবধান বাণী 'রথের রশি' নাটকের কোন্ চরিত্রের কণ্ঠে শোনা গেছে?

২৪। যামিনীর মা কার সঙ্গে যামিনীর বিয়ে ঠিক করেছিল?

২৫। প্রধান সমাদ্দার চরিত্রটি কোন্ বিখ্যাত নাটকে রয়েছে?





## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

২৬। জীবনানন্দ দাশ রচিত 'রূপসী বাংলা' ছাড়া অন্য দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

২৭। জীবনানন্দ দাশ কবে, কোথায় জন্মগ্রহণ করেন?

২৮। 'শ্রীকান্ত' উপন্যাসের শ্রীকান্তের দিদি ও তার স্বামীর নাম কী?

২৯। পড়ার ঘরে মেজদা হঠাৎ অজ্ঞান হয়ে গিয়েছিলেন কেন? শ্রীনাথ কে?

৩০। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত দুটি রূপক-সাংকেতিক নাটকের নাম লেখো।

৩১। কোন্ মন্দিরে রথযাত্রার আয়োজন করা হয়েছিল?

৩২। প্রেমেন্দ্র মিত্রের দুটি উল্লেখযোগ্য ছোটগল্পের নাম লেখো।

৩৩। প্রেমেন্দ্র মিত্র রচিত প্রথম গল্পের নাম কী? গল্পটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল?

৩৪। নজরুলের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থের নাম কী? কাব্যটি কত সালে প্রকাশিত হয়েছিল?

৩৫। রবীন্দ্র-পরবর্তী দুজন ঔপন্যাসিকের নাম লেখো।

## SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৩৬। 'আবার আসিব ফিরে' কবিতায় কবি বাংলার প্রতি যে ভালোবাসা ব্যক্ত করেছেন তা উদ্ধৃতি সহযোগে আলোচনা করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩৭। 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতায় রূপসী বাংলার যে ছবি ফুটে উঠেছে তা নিজের ভাষায় বর্ণনা করো।

৩৮। 'শ্রীকান্ত' উপন্যাসের ইন্দ্রনাথ চরিত্রটি আলোচনা করো।

৩৯। 'শ্রীকান্ত' উপন্যাসে শ্রীকান্তের অমাবস্যা রাতে শ্মশান দর্শনের অভিজ্ঞতা তোমার পাঠ অভিজ্ঞতার সাহায্যে আলোচনা করো।

৪০। রবীন্দ্রনাথ ঠাকুরের 'রথের রশি' নাটক অবলম্বনে শ্রমজীবী মানুষের জাগরণ আলোচনা করো।

৪১। 'রথের রশি' নাটকের নামকরণের তাৎপর্য আলোচনা করো।

৪২। ছোটগল্প রচনায় প্রেমেন্দ্র মিত্রের বিশিষ্টতা সম্পর্কে আলোচনা করো।

৪৩। প্রেমেন্দ্র মিত্রের 'শুধু কেরানি' গল্প অবলম্বনে মধ্যবিত্ত সমাজ-জীবন সম্পর্কে আলোচনা করো।

৪৪। বাংলা নাট্যসাহিত্যে বিজন ভট্টাচার্যের অবদান পর্যালোচনা করো।

৪৫। 'সাম্যবাদী' কবি হিসেবে কাজী নজরুল ইসলামের অবদান তোমার নিজের ভাষায় উল্লেখ করো।

★★★